

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৫৫৭  
ধর্মনগর, ৬ নভেম্বর, ২০২৩

প্রতিঘরে সুশাসন অভিযান ২.০  
উত্তর ত্রিপুরা জেলায় সভা

প্রতিঘরে সুশাসন অভিযান ২.০ নিয়ে সম্প্রতি উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা দেবপ্রিয় বর্ধন। সভায় উত্তর ত্রিপুরা জেলার পুলিশসুপার ভানুপদ চক্রবর্তী, ধর্মনগর মহকুমার মহকুমা শাসক বিবেক এইচ. বি, পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুভাষ আচার্য, কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক অমরেশ বর্মণ, জেলার আটটি ব্লকের বিডিওগণ সহ বিভিন্ন দপ্তরের আধিকারিগণ উপস্থিত ছিলেন। প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে ব্লকভিত্তিক মেলাগুলিতে মানুষকে কি কি পরিষেবা দেওয়া যেতে পারে, কেন্দ্রীয় ও রাজ্য সরকারের যে সকল প্রকল্পের সুবিধা জনগণকে দেওয়া যাবে সে বিষয়ে ব্লক ও অন্যান্য দপ্তরের আধিকারিকদের নির্দেশ দিয়েছেন জেলাশাসক। প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ থেকে শুরু করে জল জীবন মিশন, আয়ুস্মান ভারত প্রকল্প, পি এম কিষাণ সন্মান নিধি যোজনা, প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনা, সয়েল হেলথ কার্ড, কিষাণ ক্রেডিট কার্ড, শ্রমিকদের কল্যাণে গৃহীত বিভিন্ন প্রকল্পসহ মোট ৩০টি প্রকল্প নিয়ে বিস্তারিত ভাবে আলোচনা করেন জেলাশাসক। প্রতি ঘরে সুশাসন-২.০ অভিযানে মহকুমা প্রশাসনকে তাদের বিভিন্ন সার্টিফিকেট ও পরিষেবা জনগণের কাছে পৌঁছানোর নির্দেশ দেন জেলাশাসক।

\*\*\*\*\*